বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃdgmsme@krishibank.org.bd

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪-এসএমই-৭(৮)/২০২২-২৩/ ২৮৪(১২৫০) তারিখঃ ১৭/১০/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ নভেল করোনা ভাইরাস ( COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত সিএমএসএমই প্রণোদনা প্যাকেজের ৩য় পর্যায়ে (অর্থবছর:২০২২-২০২৩) নির্ধারিত লক্ষ্যমাত্রার আনুপাতিক হার অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)-এসএমই-৭(৮)/২০২২-২৩/১৬৩(১২৫০) তারিখঃ ২৭/০৭/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকার ঘোষিত সিএমএসএমই প্রনোদনা প্যাকেজের ৩য় পর্যায়ে (অর্থবছর:২০২২-২০২৩) অত্র ব্যাংকের জন্য মোট বরাদ্দ ২০০.০০ কোটি টাকা মাঠ পর্যায়ে বণ্টনপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে তা অর্জনের লক্ষ্যে অত্র বিভাগ হতে দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ১৫/১০/২০২২ তারিখ ভিত্তিক আলোচ্য প্রণোদনা প্যাকেজে অত্র ব্যাংকের বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগ | সিএমএসএমই(কোভিড-১৯) প্রণোদনা প্যাকেজ ৩য় পর্যায় (অর্থবছর:২০২২-২০২৩) | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার | আনুপাতিক লক্ষ্যমাত্রা | অর্জন কম/বেশী |
| ১ | ঢাকা | ৪০.০০ | ৬.৮৬ | ১৭.১৫% | ১১.৬৭ | -৪.৮১ |
| ২ | ময়মনসিংহ | ২০.০০ | ২.৯৫ | ১৪.৭৫% | ৫.৮৩ | -২.৮৮ |
| ৩ | চট্টগ্রাম | ২৫.০০ | ৫.৪৫ | ২১.৮০% | ৭.২৯ | -১.৮৪ |
| ৪ | খুলনা | ১৫.০০ | ১.৯৯ | ১৩.২৬% | ৪.৩৭ | -২.৩৮ |
| ৫ | বরিশাল | ১০.০০ | ২.৬৭ | ২৬.৭৪% | ২.৯২ | -০.২৫ |
| ৬ | সিলেট | ১৫.০০ | ২.৮৩ | ১৮.৮৭% | ৪.৩৭ | -১.৫৪ |
| ৭ | কুমিল্লা | ৩৫.০০ | ৫.৮৩ | ১৬.৬৫% | ১০.২১ | -৪.৩৮ |
| ৮ | ফরিদপুর | ১৫.০০ | ৪.০৩ | ২৬.৮৭% | ৪.৩৭ | -০.৩৪ |
| ৯ | কুষ্টিয়া | ২৪.০০ | ২.৬৭ | ১১.১২% | ৭.০০ | -৪.৩৩ |
| ১০ | এলপিও | ১.০০ | ০.০০ | ০.০০% | ০.৩০ | -০.৩০ |
| মোট | | ২০০.০০ | ৩৫.২৮ | ১৭.৬৪% | ৫৮.৩৩ | -২৩.০৫ |

চলমান পাতা-০২

বিষয় ঃ নভেল করোনা ভাইরাস ( COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত সিএমএসএমই প্রণোদনা প্যাকেজের ৩য় পর্যায়ে (অর্থবছর:২০২২-২০২৩) নির্ধারিত লক্ষ্যমাত্রার আনুপাতিক হার অর্জন প্রসঙ্গে।

০৩। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, কোন বিভাগই সিএমএসএমই (কোভিড-১৯) প্রণোদনা প্যাকেজ ৩য় পর্যায় (অর্থবছর:২০২২-২০২৩) এর আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার আনুপাতিক হার অর্জন করতে সক্ষম হয়নি, যা গ্রহণযোগ্য নয়। আলোচ্য প্রণোদনা প্যাকেজসমূহের ঋণ বিতরণ কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে অত্র বিভাগ কর্তৃক সময় সময়ে বিভিন্ন পত্র জারী এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে জুম মিটিং এ বিভিন্ন নির্দেশনা দেয়া হলেও বিতরণ কার্যক্রমে আশানুরূপ গতি সঞ্চার হয়নি, যা কোনভাবেই কাম্য নয়। ১ম ও ২য় পর্যায়ে লক্ষ্যমাত্রা প্রায় শতভাগ বাস্তবায়ন হলেও ৩য় পর্যায়ে (অর্থবছর:২০২২-২০২৩) ঋণ বিতরণ কার্যক্রম কিছুটা স্থিমিত হয়ে পড়েছে। এ বিষয়ে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অসন্তোষ ব্যক্ত করে এ ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন পূর্বক আগামী ৩০/১২/২০২২ তারিখের মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনসহ ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়ন নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য, ১ম ও ২য় পর্যায়ে এ স্কীমের আওতায় সুবিধাভোগী কোন ঋণগ্রহীতা ৩য় পর্যায়ে ঋণ প্রাপ্তির যোগ্য হবেন না।

০৪। এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার নং-০৯/২০২১ তারিখঃ ০৯/০৯/২০২১ এ প্রদত্ত, অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এবং জুম মিটিং/পর্যালোচনা সভায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনসহ প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। এছাড়াও বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক বাস্তবায়নাধীন প্রণোদনা প্যাকেজসমূহের পূর্ণাঙ্গ বাস্তবায়নে গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণের প্রতি গুরুত্ব আরোপ করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত তদারকিসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১৭/১০/২০২২

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪-এসএমই-৭(৮)/২০২২-২৩/ ৯৮৪(২২০০) তারিখঃ ১৭/১০/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

17/10/2022

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক